

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ জাহেলী যুগের লোকেরা তাদের বংশীয় লোকদের মাঝে যে উদ্দেশ্যে ভাল ব্যবহার করতো

ذِكْرُ الْقَصْدِ الَّذِي كَانَ لِأَهْلِ الْجَاهِلِيَّةِ فِي اسْتِعْمَالِهِمُ الْخَيْرَ فِي أَنْسَابِهِمْ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّتَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ الْجَوْهَرِيُّ قَالَ: أَنْبَأَنَا شُعْبَةُ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ قَالَ: سَمِعْتُ مُرِّيَّ بْنَ قَطَرِيّ يُحَدِّتُ عَنْ عَدِيّ بْنِ حَاتِمٍ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبِي كَانَ يَصِلُ الرَّحِمَ وَكَانَ يَفْعَلُ وَيَفْعَلُ قَالَ: (إِنَّ أَبَاكَ أَرَادَ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَسْأَلُكَ عَنْ طَعَامٍ لَا أَدَعُهُ إِلَّا أَمْرًا فَأَدْرَكَهُ لَ يَعْنِي الذّكر لَ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَسْأَلُكَ عَنْ طَعَامٍ لَا أَدَعُهُ إِلَّا أَمْرًا فَأَدْرُكَهُ لَ قَالَ: (لا تدع شيئاً ضارع النَّصْرَانِيَّة فِيهِ) قَالَ: قُلْتُ: إِنِي أُرسل كَلْبِي فَيَأْخُذُ صَيْدًا وَلَا أَمْرُ وَةَ أُو الْعَصَا؟ قَالَ: (أُمِرَّ الدَّمَ بما شئت واذكر اسم طَيْدًا وَلَا أَجِدُ مَا أَذْبَحُ بِهِ إِلَّا الْمَرْوَةَ أُو الْعَصَا؟ قَالَ: (أُمِرَّ الدَّمَ بما شئت واذكر اسم الله.)

الراوي: عَدِيّ بْن حَاتِمٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 333 ا خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৩৩৩. 'আদী বিন হাতিম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার বাবা আত্নীয়তার সম্পর্ক বজায় রাখতেন এবং এই এই ভালো কাজ করতেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমার বাবার এসব একটি উদ্দেশ্যে করেছেন এবং সেটা তিনি পেয়েও গেছেন। রাবী বলেন: "অর্থাৎ খ্যাতি।" 'আদী বিন হাতিম রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আমি বললাম: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি আপনাকে এমন খাদ্য সম্পর্কে জিজ্ঞেস করতে চাই, যা আমি কেবল সমস্যা মনে করে পরিত্যাগ করি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি এমন কিছু পরিত্যাগ করো না, যা খ্রীষ্টানদের সাথে সাদৃশ্য রাখে।" তিনি বলেন: "আমি আমার কুকুর ছেড়ে দেই, সে শিকারী ধরে নিয়ে আসে। কিন্তু আমি চকমকি পাথর অথবা লাঠি ব্যতিত যবেহ করার মতো আর কিছুই পাই না। রাসূল



সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি যা ইচ্ছা তা দিয়ে রক্ত প্রবাহিত করো এবং তাতে আল্লাহর নাম উচ্চারণ করো।"[1]

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১৭/২৪৭; আত তায়ালিসী: ১০৩৩; মুসনাদ আহমাদ: ৪/২৫৮; সুনান বাইহাকী: ৭/২৭৯; তিরমিযী: ১৫৬৫।

হাদীসটির সানাদের ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেন নি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আল জিলবাব: ১৮২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন